11899

# B.A. 3rd Semester (General) Examination, 2022 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-1C/GE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) চর্যাপদ গ্রন্থাকারে কত সালে প্রথম প্রকাশিত হয়? কে সম্পাদনা করেন?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুথি কে আবিষ্কার করেন? 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর রচয়িতার নাম কী?

(গ) বাংলা রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনূদিত গ্রন্থটির নাম কী?

(ঘ) কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তী কোন সময়ে তাঁর কাব্যরচনা করেন? তাঁর লেখা চণ্ডীমঙ্গল কাব্যটির নাম কী?

(ঙ) চৈতন্য সমসাময়িক দুজন পদকর্তার নাম লেখো।

(চ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

(ছ) 'গৌড়ীয় ব্যাকরণ' কার লেখা? গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো।

(জ) 'প্রভাবতী সম্ভাষণ' কে রচনা করেন? কার স্মরণে এই গ্রন্থটি রচিত হয়?

(ঝ) বঙ্কিমচন্দ্র রচিত প্রথম উপন্যাস কোনটি? উপন্যাসটির প্রকাশকাল উল্লেখ করো।

(ঞ) 'শ্রীকান্ত' উপন্যাসটি কে রচনা করেন? এই উপন্যাসের কয়টি পর্ব?

(ট) প্রথম বাংলা ঐতিহাসিক নাটক কোনটি? নাটকটির কাহিনি কোথা থেকে নেওয়া হয়েছে?

(ঠ) গিরিশচন্দ্রের লেখা দুটি সামাজিক নাটকের নাম লেখো।

(ড) রবীন্দ্রনাথের লেখা 'দেনাপাওনা' গল্পটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ঢ) 'জিজ্ঞাসা' প্রবন্ধগ্রন্থটি কে রচনা করেন? গ্রন্থটির প্রকাশকাল কত?

(ণ) জীবনানন্দ দাশের লেখা প্রথম কাব্যগ্রন্থ কোনটি? কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

২। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) কৃত্তিবাসের রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো।

(খ) 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়? অভিসারের পদ রচনায় তাঁর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

(গ) বিদ্যাসাগর কোথায় জন্মগ্রহণ করেন? মৌলিক সাহিত্য রচনায় বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(ঘ) মধুসূদন রচিত প্রথম নাটক কোনটি? প্রহসন রচনায় মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

(ঙ) রবীন্দ্রনাথ কোন উপন্যাসে প্রথম চলিত গদ্যের প্রয়োগ করেন? সমাজ ও মনস্তত্ত্বমূলক উপন্যাস রচনায় রবীন্দ্রনাথের কৃতিত্ব আলোচনা করো।

(চ) আধুনিক কবিতা রচনায় সুনীল গঙ্গোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।